ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স ৫৪২২৭
আগরতলা, ৭ মার্চ ২০১৭

# পশ্চিমবঙ্গের বিশিষ্ট লোকসংগীত শিল্পী কালিকাপ্রসাদ ভট্টাচার্যের প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

পশ্চিমবঙ্গের বিশিষ্ট লোকসংগীত শিল্পী কালিকাপ্রসাদ ভট্টাচার্যের আকস্মিক প্রয়াণে ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সরকার গভীর শোক প্রকাশ করেছেন । এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেছেন - পশ্চিমবঙ্গের বিশিষ্ট লোকসংগীত শিল্পী কালিকাপ্রসাদ ভট্টাচার্যের আকস্মিক প্রয়াণে আমি মর্মাহত । তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি এবং পরিবার-পরিজনদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি ।

কালিকাপ্রসাদ শুধু একজন লোকসঙ্গীত শিল্পীই ছিলেন না, তিনি পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের লোকসঙ্গীতের বৈচিত্র্যময় সম্ভারকে পুনরুদ্ধার করে তাকে যেমন পুরুজ্জীবীত করার উদ্যোগ নিয়েছিলেন, তেমনি লোকজীবনের সঙ্গে সম্পৃক্ত এই সঙ্গীতকে বিদগ্ধ শ্রোতৃমন্ডলীর কাছে জনপ্রিয় করে তুলতে নিরবচ্ছিন্ন আন্তরিক প্রয়াস জারি রেখেছিলেন । একই সাথে, সম্ভাবনাময় প্রান্তীয় লোকশিল্পীদেরও সঙ্গীত-অঙ্গনে স্থান করে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন। মানুষ হিসাবেও তিনি ছিলেন অমায়িক এবং উচ্চ মূল্যবোধসম্পন্ন । ত্রিপুরার সঙ্গে তাঁর নিবিড় সম্পর্ক ছিল ।

কালিকাপ্রসাদের এই অকাল প্রয়াণ বিশেষভাবে পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে লোকসঙ্গীতের চর্চা ও প্রসারের ক্ষেত্রে নিঃসন্দেহে এক অপূরণীয় ক্ষতি । তাঁর কাছে প্রত্যাশা ছিল অনেক । তাঁর দেবারও ছিল অনেক । কালিকাপ্রসাদের অসমাপ্ত কাজের দায়িত্ব নিতে হবে তাঁর বর্তমান সহযোগী এবং ভবিষ্যৎ প্রজন্মের শিল্পীদের । সম্ভবত এভাবেই তাঁর প্রতি প্রকৃত শ্রদ্ধা জ্ঞাপন সম্ভব হবে ।

********

জি এস

This document was created using SmartPDFConverter
To remove this message purchase the product at www.SmartPDFConverter.com